

বুয়েটে ছাত্ররাজনীতির বিরুদ্ধে শপথ নিলেন শিক্ষার্থীরা

ঢাবি প্রতিবেদক

৮ আগস্ট ২০২৩ ০৭:০১ পিএম | আপডেট: ৮ আগস্ট ২০২৩ ০৭:০১ পিএম

3
Shares



ছাত্ররাজনীতির বিরুদ্ধে শপথ নিচ্ছেন বুয়েটের শিক্ষার্থীরা। ছবি: আমাদের সময়

advertisement..

বিশ্ববিদ্যালয়ের আদেশ অমান্য করে লেজুড়বৃত্তি ছাত্ররাজনীতিতে যুক্ত না হওয়ার শপথ গ্রহণ করেছে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) শিক্ষার্থীরা। আজ মঙ্গলবার দুপুর দেড়টায় বিশ্ববিদ্যালয়ের ক্যাফেটেরিয়ার সামনে সম্মিলিত কণ্ঠে এ শপথ পাঠ করেন শিক্ষার্থীরা। সেসময় আটশ'র অধিক শিক্ষার্থী এ শপথ পাঠে অংশগ্রহণ করেন।

সম্মিলিত কণ্ঠে শিক্ষার্থীরা বলেন, ‘আমি প্রতিজ্ঞা করছি যে, আজ এই মুহূর্ত থেকে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের পরিবারের একজন সদস্য হিসেবে এই বিশ্ববিদ্যালয়ের সকলের কল্যাণ ও নিরাপত্তার নিমিত্তে আমার ওপর অর্পিত ব্যক্তিগত ও সামষ্টিক, নৈতিক ও মানবিক, সকল প্রকার দায়িত্ব, সর্বোচ্চ সততা ও নিষ্ঠার সঙ্গে পালন করব। এই বিশ্ববিদ্যালয়ের আঙিনায় আমার জ্ঞাতসারে হওয়া প্রত্যেক অন্যায়, অবিচার ও বৈষম্যের বিরুদ্ধে আমি সর্বদা সোচ্চার থাকব।’

advertisement

শিক্ষার্থীরা আরও বলেন, ‘আমি আরও প্রতিজ্ঞা করছি যে, এই বিশ্ববিদ্যালয়ের সকল প্রকার সন্ত্রাস ও সাম্প্রদায়িক অপশক্তির উত্থানকে সম্মিলিতভাবে রুখে দিব। নৈতিকতার সঙ্গে অসামঞ্জস্যপূর্ণ সব ধরনের বৈষম্যমূলক অপসংস্কৃতি এবং ক্ষমতার অপব্যবহার সমূলে উৎপাটিত করব। এই আঙ্গিনায় যেন নিষ্পাপ প্রাণ ঝরে না যায়। আর কোনো নিরপরাধ যেন অত্যাচারের শিকার না হয়। তা আমরা সবাই মিলে নিশ্চিত করব।’